দৈনিক বাংলা

তারিখ 10 JAN 1990
পৃষ্ঠা ... ২ ... কলাম ... ৮ ...

## বিশ্ববিদ্যালয়কর্তৃপক্ষ সমীপে

আমি প্রথম বিভাগে মাধ্যমিক পরীক্ষায় উত্তীর্ণ হয়েছিলাম কিন্তু দুর্ভাগ্যবশত এ বৎসর উচ্চ মাধ্যমিক (বিজ্ঞানে) এক বিষয়ে রেফার্ড পেয়ে আগামী জানুয়ারী, ১৯৯০ সালে ঐ বিষয়ে পরীক্ষা দেওয়ার সুযোগ পেয়েছি। আমার রেফার্ড পরীক্ষার ফল বের হতে হতে বিএসসি বা বিএসসি (সম্মানে) ভর্তির সময় চলে যাবে এবং আমার একটি মূল্যবান বৎসর এভাবে নষ্ট হয়ে যাবে।

আমার প্রাপ্ত নম্বর ৪৮১। বিশ্ববিদ্যালয় কর্তৃপক্ষের কাছে আমার জিজ্ঞাসা, আমি কি সাময়িকভাবে ঢাকা বিশ্ববিদ্যালয়ে এবছর বিএসসি বা বিএসসি (সম্মানে) ক্লাসে ভর্তি হতে পারবো? আশা করি কর্তৃপক্ষ পত্রিকা মারফত এ বিষয়ে আমাকে অবহিত করবেন। তাতে আমার মতো আরও অনেক ছাত্র-ছাত্রী উপকৃত হবে।

খোরশেদ আলম,
২৩৩/এ, আজিমপুর,
ঢাকা।